# এসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : | ১ | ১ | ১ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

### সৃজনশীল প্রশ্ন

মান — ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.** ▶ মুত্তাকী ও মাশরাফী দুই ভাই। একবার তারা কক্সবাজার সমুদ্র সৈকতে বেড়াতে গিয়েছিল। সেখানে পাহাড়-পর্বত, ঝরনাধারা ও সমুদ্রের মনোরম দৃশ্য দেখে মুগ্ধ হয়ে বলল, আলহামদুলিল্লাহ! এসবই মহান আল্লাহর সৃষ্টি। এ সবের মাঝেই তো আল্লাহর পরিচয় খুঁজে পাওয়া যায়।

ক. ইসলাম অর্থ কী? ১

খ. ইমান বলতে কী বোঝায়? ২

গ. প্রকৃতির বৈচিত্র্যের মাঝে কীভাবে আল্লাহর পরিচয় ফুটে উঠে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তাওহীদে বিশ্বাসের প্রভাব পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৪

**২.** ▶ ফাহিমা ও ফরিদা দুজন পরস্পরের প্রতিবেশী। ফাহিমা তাকদীরে বিশ্বাস করে না এবং এও বিশ্বাস করে যে, পরকাল বলতে কিছু নেই। অপরদিকে, ফরিদা ঢাকার একটি স্থানীয় মাজারে গিয়ে সন্তান চেয়ে সিজদা করে। আরেক প্রতিবেশী রোমানা বলেন, উভয়ের কর্মকাণ্ড ইসলামের পরিপন্থি। পরকালে তাদের জন্য রয়েছে ভয়াবহ শাস্তি।

ক. কুফর অর্থ কী? ১

খ. শিরক বলতে কী বুঝ? ২

গ. ফাহিমা ও ফরিদার বিশ্বাস ইসলামের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. রোমানার মন্তব্যটির আলোকে কুফর ও শিরকে কুফল বর্ণনা কর। ৪

**৩.** ▶ মানুষ এ পৃথিবীতে আসে। আবার কিছুদিন পর বিদায়ও নেয়। পৃথিবীতে থাকাকালীন যে যেমন কাজ করে নিবে সে পরকালে সেরকমই ফল ভোগ করবে। পরকালে মানুষের বিন্দু পরিমাণ আমলেরও প্রতিদান দেয়া হবে।

ক. আখিরাত অর্থ কী? ১

খ. আখিরাতে বিশ্বাস করা গুরুত্বপুর্ণ কেন? ২

গ. "দুনিয়া আখিরাতের শস্যক্ষেত।' ব্যাখ্যা কর। ৩

ঘ. আখিরাতের পর্যায়গুলো থেকে যে কোনো ২টি পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৪

Teachingbd.com

৪. ▶ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা। আর শরীয়ত হলো ইসলামী আইনকানুনের ব্যবহারিক শাস্ত্র। মানব জীবন যেমন গতিশীল, ইসলামী শরীয়ত ও তেমনি গতিশীল। উদার ও শাশ্বত। সকল যুগ ও সকল পরিবেশের মানুষের জন্য ইসলামী শরীয়ত প্রযোজ্য। ইসলামী শরীয়ত অনুসরণ করা প্রত্যেক মুসলিম ব্যক্তির অপরিহার্য কর্তব্য।

ক. শরীয়তের উৎস কয়টি? ১

খ. শরীয়ত বলতে কী বোঝায়? ২

গ. ব্যবহারিক জীবনে উদ্দীপকের বিষয়বস্তুর উপযোগিতা তোমার পাঠ্য বইয়ের আলোকে লিপিবদ্ধ কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত যে বিষয়টি প্রত্যেক মুসলিমের জন্য অনুসরণীয় বলে উল্লেখ করা হয়েছে, সে বিষয়টির যেসব উৎস রয়েছে তা ব্যাখ্যা কর। ৪

৫. ▶"মানবজীবনে হাদীসের ভূমিকা" শীর্ষক একটি সেমিনারে বিশেষ অতিথির ভাষণ দেন মাওলানা তারিক মুনাওয়ার। তিনি তাঁর আলোচনায় ব্যক্তিগত ও পারিবারিক জীবনে হাদিসের ভূমিকা তুলে ধরেন। এছাড়াও আলোচক হিসেবে তানভীর সাহেব হাদীস সংকলনের স্বর্ণযুগ নিয়ে আলোচনা করেন।

ক. হাদীস সংকলনের স্বর্ণযুগ কোনটি? ১

খ. তাকরীরি হাদীস বলতে কী বুঝ? ২

গ. সহীহ বুখারী শরীফের ১ম হাদীসটি উল্লেখ করে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. মানব জীবনে আল হাদীসের গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

৬. ▶জামাল একজন ধনী ব্যক্তি। তিনি মাঝে মাঝে ধর্মীয় কাজের জন্য প্রচুর টাকা-পয়সা ব্যয় করেন। ঈদ আসলে গরিবদের মাঝে পোশাক বিতরণ করেন। কিন্তু নিয়মিত সম্পদের নিসাব পরিমাণ যাকাত দিতে অনিহা প্রকাশ করেন। অথচ আল্লাহ বলেন, "ধনীদের সম্পদে রয়েছে বঞ্চিতদের অধিকার"।

ক. যাকাত অর্থ কী? ১

খ. নিসাব কী? ২

গ. যাকাত আদায়ের গুরুত্ব পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. "ধনীদের সম্পদে রয়েছে বঞ্চিতদের অধিকার" বিশদ ব্যাখ্যা কর। ৪

৭. ▶চাঁদপুর কলেজের ইংরেজি বিষয়ের ছাত্র তাহমীদ ডিপার্টমেন্টের আলোচনা কক্ষে "জ্ঞান অর্জন ফরজ" শীর্ষক আলোচনা সভায় অংশগ্রহণ করে জানতে পারে যে, প্রত্যেক মুসলিমের উপর জ্ঞানার্জন ফরজ।

http://teachingbd.com

আলোচনা সভায় মাওলানা সিদ্দিকী ইসলামে জ্ঞানার্জনের গুরুত্ব তুলে ধরেন।


ক. ইলম অর্থ কী? ১

খ. ইলম এর প্রকারভেদগুলো লেখ। ২

গ. তাহমীদের জন্য কোন ধরনের জ্ঞানার্জন ফরজ এবং কেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মাওলানা সিদ্দিকীর আলোচিত বিষয়টি ব্যাখ্যা কর। ৪

**৮.** ▶ প্রদত্ত ছকচিত্রের আলোকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. আখলাক অর্থ কী? ১

খ. আখলাকে হামীদাহ বলতে কী বোঝায়? ২

গ. ছকচিত্রের ফলাফলে যা উল্লেখ করা হয়েছে আমরা কীভাবে তা অর্জন করতে পারি? ব্যাখ্যা কর। ৩

ঘ. ছকচিত্রের গ্রহণযোগ্য বিষয়টির গুরুত্ব পাঠ্য বইয়ে উল্লিখিত কুরআন ও হাদীসের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৯.** ▶ চাঁদপুরের নির্দিষ্ট একটি গ্রামে সকল ধর্মের লোকের বাস। তাদের মাঝে সাম্প্রদায়িক সম্প্রীতি বিদ্যমান। এর পরেও মাঝে মধ্যে কিছু বিষয়ে দ্বিমত সৃষ্টি হয়। এ অবস্থায় আহমাদ সাহেব এলাকার লোকদের নিয়ে এলাকায় শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে একটি লিখিত চুক্তি সম্পাদন করেন।

ক. কত হিজরীতে বিদায় হজ্জ সংঘটিত হয়? ১

খ. হিলফুল ফুযুল কী? ২

গ. আহমাদ সাহেবের কাজটি মহানবী (স) এর কোন লিখিত চুক্তির সাথে সাদৃশ্যপূর্ণ। এর প্রধান ধারাগুলো লেখ। ৩

ঘ. আহমাদ সাহেবের এ কাজের ফলাফল বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

বিষয় কোড : ১ ১ ১

# ইসলাম ও নৈতিক শিক্ষা

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট                                    মান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

**১. আকিদা অর্থ কী?**

ক) বিশ্বাস  খ) প্রতিশ্রুতি
গ) বিশ্বাসমালা  ঘ) আনুগত্য

**২. মানব জাতির জন্য জীবন-বিধান প্রবর্তন করেন কে?**

ক) নবীগণ  খ) রাসূলগণ
গ) নবী-রাসূলগণ  ঘ) আল্লাহ

**৩. অধিকাংশ ধর্মের নামকরণ করা হয়—**

ক) আচার-আচরণ অনুযায়ী
খ) ধর্মীয় নেতাদের নামানুসারে
গ) বিশেষ ব্যক্তিদের নামানুসারে
ঘ) প্রবর্তক, প্রচারক ও অনুসারী কিংবা জাতির নামানুসারে

**৪. 'কোন কিছুই তার সদৃশ নয়। আয়াতটি কোন সূরায় এসেছে?**

ক) সূরা আল শূরা  খ) আন-নিসা
গ) সূরা মায়েদা  ঘ) সূরা আম্বিয়া

**৫. যাকাত অস্বীকারকারী কী?**

ক) মুনাফিক  খ) মুশরিক
গ) ফাসিক  ঘ) কাফির

**৬. ঈমানের মূল বিষয় কয়টি?**

ক) ৩টি  খ) ৪টি
গ) ৫টি  ঘ) সাতটি

**৭. মানব জীবন কয়ভাগে বিভক্ত?**

ক) ২ ভাগে  খ) ৪ ভাগে
গ) ৫ ভাগে  ঘ) ৬ ভাগে

**৮. মুনাফিকরা—**

i. মিথ্যাবাদী
ii. ওয়াদা ভঙ্গকারী
iii. আমানতের খিয়ানতকারী

**নিচের কোনটি সঠিক?**

ক) i  খ) ii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**৯. শরিয়ত অর্থ কী?**

ক) পথ  খ) আদর্শ
গ) দলিল  ঘ) বাণী

**১০. আল্লাহ কোন সূরায় শরিয়তের পূর্ণতার ঘোষণা দিয়েছেন?**

ক) সূরা ইবরাহিম  খ) সূরা মূলক
গ) সূরা হাশর  ঘ) সূরা মায়িদা

**১১. 'বাইতুল ইযযাহ' কোথায় অবস্থিত?**

ক) ৪র্থ আসমানে  খ) আরশে মুয়াল্লায়
গ) নিকটবর্তী আসমানে  ঘ) জান্নাতুল বাকীতে

**১২. জামিউল কুরআন অর্থ—**

ক) কুরআন মুখস্তকারী  খ) কুরআন পাঠকারী
গ) কুরআন প্রচারকারী  ঘ) কুরআন সংগ্রহকারী

**১৩. কুরআনের আয়াতের ক্রমধারা রক্ষা করা কী?**

ক) মুস্তাহাব  খ) সুন্নাত
গ) ফরয  ঘ) ওয়াজিব


**১৪. ইমামগণ কিয়াস গ্রহণ করতেন—**

i. তিনটি নীতিমালার ভিত্তিতে
ii. চারটি নীতিমালার ভিত্তিতে
iii. কুরআন ও হাদিসের পরিপন্থি নয় এমন বিষয়ে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

**নিচের ছকচিত্রটি দেখ এবং ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**




**১৫. আদালতে ইউসুফ সাহেব তার আত্মীয়ের পক্ষে যে মিথ্যা সাক্ষ্য দেয় তা—**

ক) ১  খ) ২
গ) ৩  ঘ) ৪

**১৬. রাসেল মাঝে মাঝে তার ক্লান্তি দূর করার জন্য যে ধুমপান করে তা—**

ক) ১  খ) ২
গ) ৩  ঘ) ৪

**১৭. ইবাদতের মূল লক্ষ্য কী?**

ক) সওয়াব লাভ করা  খ) বেহেশত পাওয়া
গ) দোযখ থেকে বাঁচা  ঘ) আল্লাহর সন্তুষ্টি অর্জন

**১৮. আল্লাহর প্রতি আনুগত্যের সর্বোত্তম পন্থা—**

ক) জিহাদ  খ) যাকাত
গ) হজ্জ  ঘ) সালাত

**১৯. যাকাত শব্দের অর্থ—**

ক) কর  খ) খাজনা
গ) পরিচ্ছন্নতা  ঘ) রাজস্ব

**২০. হজ্জের ওয়াজীব কয়টি?**

ক) ৩টি  খ) ৪টি
গ) ৭টি  ঘ) ৮টি

http://teachingbd.com

২১. শ্রমিকদেরকে মহানবী (সা) কী বলে সম্বোধন করেছেন?
ক বন্ধু খ ভাই
গ প্রতিবেশী ঘ আত্মীয়

২২. কার দোয়া ও শ্রম উন্নতির চাবিকাঠি?
ক পিতামাতার খ আলিমের
গ পীরের ঘ শিক্ষকের

২৩. মানুষের জন্য আল্লাহর সবচেয়ে সুন্দর দান কোনটি?
ক টাকা-পয়সা খ জ্ঞান
গ সন্তান ঘ সুন্দর চরিত্র

২৪. 'শ্রমিকের গায়ের ঘাম শুকানোর আগেই তার পারিশ্রমিক দিয়ে দাও'। কোন হাদিস গ্রন্থ থেকে সংকলিত?
ক বুখারী খ মুসলিম
গ তিরমিযি ঘ ইবনে মাজাহ

২৫. আখলাক শব্দের অর্থ কী?
ক ব্যবহার খ চরিত্র
গ আচরণ ঘ সুন্দর ব্যবহার

২৬. উত্তম আচরণ মানুষকে কী দান করে?
ক পুণ্য খ অর্থ
গ সম্মান ঘ মর্যাদা

২৭. আল্লাহর নিকট কিসের মর্যাদা সর্বাধিক?
ক আদলের খ তাকওয়ার
গ আখলাকের ঘ আমানতের

২৮. "হে ঈমানদারগণ! তোমরা চুক্তিসমূহ পূর্ণ কর" কার কথা?
ক আবু বকর (রা) এর খ উসমান (রা) এর
গ আল্লাহর ঘ নবির

২৯. 'কিযব' অর্থ কী?
ক সত্য খ মিথ্যা
গ পরনিন্দা ঘ সমালোচনা

৩০. শালীনতা মূলত বহু—
ক আদর্শের সমষ্টি
খ নৈতিক গুণের সমষ্টি
গ অভ্যাসের সমষ্টি
ঘ আচার-আচরণের সমষ্টি

৩১. মানবসেবা হলো—
i. মানুষের সেবা
ii. মানুষের পরিচর্যা
iii. মানুষকে সাহায্য করা
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ iii ঘ i, ii ও iii

৩২. 'তোমাদের কেউ যেন জীবিকা উপার্জনের চেষ্টায় নিরুৎসাহিত হয়ে বসে না থাকে' এটি কার বাণী—
ক আল্লাহর খ রাসুল (স.) এর
গ উমর (রা) এর ঘ ওসমান (রা) এর

৩৩. মহানবি (স) এর দুধভাই এর নাম কী?
ক সাইফুল্লাহ
খ খালিদ বিন ওয়ালিদ
গ যায়িদ বিন সাবিত
ঘ আব্দুল্লাহ বিন মাসউদ

৩৪. হারবুল ফিজার অর্থ কী?
ক সম্মুখ যুদ্ধ খ অন্যায় যুদ্ধ
গ রক্তক্ষয়ী যুদ্ধ ঘ বৈধযুদ্ধ

৩৫. কোন যুদ্ধ পাঁচ বছর স্থায়ী ছিল?
ক বদর যুদ্ধ খ ফিজারের যুদ্ধ
গ ওহুদ যুদ্ধ ঘ তাবুক যুদ্ধ

৩৬. কামুস দূর্গ কোথায়?
ক মদিনায় খ খাইবারে
গ ইরাকে ঘ সিরিয়ায়

৩৭. ইবনে জারির তাবারির অবদান—
i. ইতিহাস শাস্ত্রে
ii. ফিকাহশাস্ত্রে
iii. তাফসীর শাস্ত্রে
নিচের কোনটি সঠিক?
ক i ও iii খ ii
গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড় এবং ৩৮ ও ৩৯নং প্রশ্নের উত্তর দাও:
"আমার এক হাতে সূর্য ও অন্য হাতে চাঁদ এনে দিলেও আমি সত্য প্রচার থেকে বিরত হবো না।"

৩৮. মহানবি (স) এর উক্তির মাধ্যমে প্রকাশ পেয়েছে—
i. সিদ্ধান্তের দৃঢ়তা
ii. সত্যনিষ্ঠা
iii. নির্লোভ চেতনা
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৯. মহানবি (স) এর উপর্যুক্ত উত্তরের ফলে প্রলোভনকারীরা—
ক হতাশ হয়েছে খ অনুপ্রাণিত হয়েছে
গ উৎসাহী হয়েছে ঘ শক্তিশালী হয়েছে

৪০. 'সুরত আল-আরদ' কী জাতীয় গ্রন্থ?
ক গণিত খ ভূগোল
গ চিকিৎসা ঘ রসায়ন

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | গ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | গ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | খ | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | গ |
| ২১ | ক | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | খ | ৩১ | ঘ | ৩২ | গ | ৩৩ | ঘ | ৩৪ | খ | ৩৫ | খ | ৩৬ | ঘ | ৩৭ | ক | ৩৮ | ঘ | ৩৯ | ক | ৪০ | খ |

http://teachingbd.com